গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
এবং
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১,২০১৮ - জুন ৩০,২০১৯

সূচিপত্র

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন২: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী২; কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তরের উপর নির্ভরশীলতা

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Education Engineering Department)

সাম্প্রতিক অর্জন (Recent Activitiest

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

* সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ :

বিগত তিন অর্থবছরে সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ৯০৫৪টি, সরকারি-বেসরকারি কলেজ ২৫৫৭টি সহ মোট ১১৬১১টি শ্রেণিকক্ষ নির্মিত হয়েছ। তাছাড়া বেসরকারি কলেজ সমূহে পরীক্ষা কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য ৩১৬টি শেণিকক্ষ নির্মাণ, ২৬৮টি আইসিটি ল্যাব, ৩১৬টি লাইব্রেরি, ২৬৮টি ক্যান্টিন, ২৬৮টি সভাকক্ষ নির্মাণ করা হয়েছে। অনগ্রসর এলাকায় ৭২০টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ২১৬০টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। ছাত্রীদের আবাসনের জন্য মহিলা কলেজ ও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১৮টি হোস্টেল নির্মাণ করা হয়েছে। ৫৯০২টি সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করা হয়েছে। ছাত্রীদের জন্য ৩৬০২টি টয়লেট এবং প্রতিবন্ধি ছাত্র ছাত্রীদের জন্য ৩১০৩টি র‌্যাম্প নির্মাণ করা হয়েছে। ইহা ছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় স্কুল কলেজ এর ভবন নির্মাণ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশনাল ইনস্টিটিউট ও ইঞ্জিনিয়ারিং কলেজের ভবন নির্মাণ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতায় বিভিন্ন ভবন নির্মাণ করা হয়েছে। ৫৯০০টি মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।

- সমস্যা (Limitations) ও চ্যালেঞ্জ সমূহ (Challenges)

জমি অধিগ্রহণ ও মামলা জনিত কারণে প্রকল্পের কাজ শুরু করতে বিলম্ব হয় ।

ভবিষ্যৎ পরিকল্পনা (Future Plan)

নাগরিক সেবায় উদ্ভাবন প্রতিনিয়ত হালনাগাদকরণ, ই-টেন্ডার এর মাধ্যমে নির্মাণ কার্যক্রম সম্পাদন এবং ই- নথি বাস্তবায়ন। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ, নারী শিক্ষা উন্নয়নে বেসরকারি বালিকা বিদ্যালয় সমূহের উন্নয়ন, নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পরীক্ষাকেন্দ্র হিসাবে ব্যবহৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর নির্মাণ, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে UNICEF এর মানদন্ড অনুযায়ী স্যানিটেশন ব্যবস্থা উন্নতকরণ। ছেলে ও মেয়েদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থাকরণ , নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার এবং আধুনিকীকরণ।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- মাধ্যমিক পর্যায়ে ১৪১০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ।
- মাধ্যমিক পর্যায়ে ৪০০০টি ভবন মেরামত ও সংস্কার
- মাধ্যমিক পর্যায়ে ৪৭৯০টি নতুন শ্রেণিকক্ষ সম্প্রসারণ ।
- উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২৮০০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ।
- অনগ্রসর এলকায় ৩৫০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ।
- ছাত্রীদের জন্য ২২৭৫টি টয়লেট নির্মাণ ।
- প্রতিবন্ধীদের জন্য ৮৫০টি র‌্যাম্প নির্মাণ ।

উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগ সমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে-

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন ;

সেকশন ১: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রুপকল্প (Vision) :

শিক্ষা ও পরিবেশ বান্ধব অবকাঠামো নির্মাণ

১.২ অভিলক্ষ্য (Mission) : সকল ছাত্রছাত্রীদের পাঠদানের উপযোগী আধুনিক, বিজ্ঞানসম্মত ও পরিবেশবান্ধব অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ ও সংস্কার।

১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ (Strategic Objectives) :

১.৩.১ শিক্ষা অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার কাজ শক্তিশালীকরণ ;

১.৩.২ শিক্ষা ক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা এবং প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠীসহ ঝুঁকিতে রয়েছে এমন জনগোষ্ঠীর জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করা ;

১.৩.৩ শিশু, প্রতিবন্ধী ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন পরিবেশ সম্বলিত শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন;

১.৪ কার্যাবলী (Functions):

- চাহিদা নিরুপণ, প্রাক্কলন প্রণয়ন দরপত্র আহবান ও বাস্তবায়ন ;
- সময়োপযোগী প্রকল্প গ্রহণ, প্রকল্প দলিল প্রণয়ন এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদনের ব্যবস্থা করন;
- মান নিয়ন্ত্রণসহ যথা সময়ে কাজ বাস্তবায়ন;
- নির্মাণ সংক্রান্ত তথ্য সহজীকরণ ;
- যথাযথ মনিটরিং ও পরিদর্শন নিশ্চিত করা;
- কাজের গুণগতমান রক্ষার্থে স্থানীয় তদারকি কমিটির (Local Supervision Committee, (LSC) তদারকি জোরদারকরণ;
- নির্মাণ কাজ বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট বিভিন্ন ডিপার্টমেন্ট/প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা ;
- উদ্ভুত সমস্যা সমাধানকল্পে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ;